

**3 (Sem-4/CBCS) BEN HC 1**

**2 0 2 3**

**BENGALI**

**( Honours Core )**

**Paper : BEN-HC-4016**

**[ History of Bengali Literature (Modern Period) ]**

*Full Marks : 80*

*Time : 3 hours*

*The figures in the margin indicate full marks  
for the questions*

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০
- (ক) শ্রীরামপুরের প্রোটেষ্ট্যান্ট মিশন কবে প্রতিষ্ঠিত হয়েছিল ?
- (খ) বিদ্যাসাগরের পূর্বে বাংলার 'যথার্থ ভাষা শিল্পী' কে ছিলেন ?
- (গ) রাজা রামমোহন রায় সম্পাদিত সংবাদপত্রটির নাম কী ?
- (ঘ) মাইকেল মধুসূদন দত্তের প্রথম বাংলা রচনা কোনটি ?
- (ঙ) কোন বাংলা নাটক প্রথম 'স্বদেশিক গণ-আন্দোলনেরও ভিত্তিভূমি' রচনা করেছিল ?

- (চ) বিহারীলাল চক্রবর্তীর ‘সঙ্গীত শতক’ কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল ?
- (ছ) ‘বৈষ্ণবপদাবলীর ব্রজবুলির ঢঙে’ রবীন্দ্রনাথ কোন গ্রন্থ রচনা করেছিলেন ?
- (জ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের প্রথম উপন্যাসের নাম লেখো।
- (ঝ) বলাই চাঁদ মুখোপাধ্যায় কোন ছদ্মনামে সাহিত্য রচনা করেছিলেন ?
- (ঞ) রবীন্দ্রনাথের ছোটোগল্পের একটি সংকলন গ্রন্থের নাম লেখো।

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) শ্রীরামপুর মিশন থেকে প্রকাশিত সাপ্তাহিক ও মাসিক বাংলা পত্রিকা দুটির নাম উল্লেখ করো।
- (খ) ‘সমাচার চন্দ্রিকা’ কত খ্রিস্টাব্দে ও কার সম্পাদনায় প্রকাশিত হয়েছিল ?
- (গ) দীনবন্ধু মিত্রের যে কোনো দুটি গ্রন্থের নাম লেখো।
- (ঘ) রামায়ণ কাহিনি অবলম্বনে রচিত রবীন্দ্রনাথের দুটি গীতিনাট্য ও নাট্যকাব্যের নাম লেখো।
- (ঙ) “শরৎচন্দ্র নিজেই তাঁর কয়েকখানি উপন্যাসের নাট্যরূপ দিয়েছিলেন।” এধরনের দুটি রচনার নাম উল্লেখ করো।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) বাংলা সাহিত্যে উইলিয়ম কেরির অবদান আলোচনা করো।
- (খ) ‘তত্ত্ববোধিনী’ পত্রিকা সম্পর্কে যা জান, লেখো।
- (গ) ঐতিহাসিক নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল রায়ের পারদর্শিতার পরিমাপ করো।
- (ঘ) স্বর্ণকুমারী দেবীর সাহিত্যজীবনের পরিচয় দাও।
- (ঙ) বিহারীলাল চক্রবর্তীকে কেন ‘ভোরের পাখী’ বলা হয় ?
- (চ) টীকা লেখো (যে কোনো একটি) :
- (১) রামরাম বসু
- (২) কামিনী রায়

৪। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

১০×৪=৪০

- (ক) “বিদ্যাসাগরের মৌলিক পুস্তিকার সংখ্যাও কিছু কম নয়।” বিদ্যাসাগরের এই মৌলিক পুস্তিকাগুলো সম্বন্ধে আলোচনা করো।
- (খ) ‘সংবাদ প্রভাকর’ পত্রিকা সম্পাদনার ক্ষেত্রে ঈশ্বরগুপ্তের কৃতিত্বের পরিমাপ করো।
- (গ) মাইকেল মধুসূদন দত্তের কাব্যপ্রতিভার পরিচয় দাও।
- (ঘ) নাট্যকার গিরিশচন্দ্রের কৃতিত্বের মূল্যায়ন করো।

- (ঙ) “রবীন্দ্রনাথই বাংলা ছোটগল্পের পথনির্মাতা ও শ্রেষ্ঠ শিল্পী।” সমালোচকের এই উক্তিটি যথার্থ কিনা, বিচার করো।
- (চ) বাংলা উপন্যাস সাহিত্যে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের অবদানের পরিচয় দাও।
- (ছ) বাংলা ছোটগল্পের ইতিহাসে মানিক বন্দ্যোপাধ্যায়ের অবদান সম্পর্কে আলোচনা করো।
- (জ) বাংলা নাট্যসাহিত্যে দীনবন্ধু মিত্রের প্রতিভার পরিচয় দাও।

\*\*\*